

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৫৫৯

পর্ব-২৩: চিকিৎসা ও ঝাড়-ফুঁক (كتاب الطب والرقي)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

### আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا رُقْيَةَ إِلَّا مِنْ عَيْنٍ أَوْ حُمَةٍ أَوْ دَمِ» . رَوَاهُ أَبُو دَاؤُد

#### বাংলা

৪৫৫৯-[৪৬] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কেবল বদন্যর লাগা, বিষাক্ত প্রাণী দংশন করা এবং রক্ত ঝরার জন্যই রয়েছে ঝাড়ফুঁক। (আবু দাউদ)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৩৮৮৯, আল জামি'উস্ সগীর ১৪৪৩৮, য'ঈফুল জামি' ৬২৯১, 'ত্বারানী'র আল মু'জামুল কাবীর ৭৩২।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে 'শরীক'' নামের এক বর্ণনাকারী, ইনি 'আবদুল্লাহ আল কাযী-এর ছেলে। ইনি একজন য'ঈফ রাবী। দেখুন- হিদায়াতুর রুওয়াত ৪/২৮০, হাঃ ৪৪৮৫।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (أَوْ دُمْ) অর্থাৎ নাক দিয়ে পড়া রক্ত। বলা হয়ে থাকে, শুধু এ তিনটিকে নির্দিষ্ট করা হয়েছে। কারণ এ তিনটির ঝাড়ফুঁক বেশি আরোগ্য দেয় এবং মানুষের মাঝে এগুলো বেশি বিস্তার লাভ করেছে। ('আওনুল মা'বূদ ৭ম খন্ড, হাঃ ৩৮৮৫; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন